

## চীনের ভিসা আবেদন প্রক্রিয়া নিয়ে নতুন নির্দেশনা

- A Monitor Desk Report

Date: 15 September, 2025



ঢাকাঃ ঢাকাস্থ চীন দূতাবাস বাংলাদেশি নাগরিকদের জন্য চীনা ভিসা আবেদন প্রক্রিয়ায় নতুন নির্দেশনা জারি করেছে।

দূতাবাসের এক বিজ্ঞপ্তিতে আবেদন প্রক্রিয়ার প্রতিটি ধাপ বিস্তারিতভাবে তুলে ধরা হয়েছে, যাতে প্রার্থীরা আরও দক্ষ ও সুবিধাজনক উপায়ে ভিসার জন্য আবেদন করতে পারেন।

### অনলাইন আবেদন প্রক্রিয়া

আবেদনকারীদের প্রথমে চাইনিজ ভিসা অ্যাপ্লিকেশন সার্ভিস সেন্টারের ওয়েবসাইট <https://www.visaforchina.cn/> থেকে অনলাইন ফর্ম পূরণ করতে হবে এবং সিস্টেম অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করতে হবে।

### প্রাথমিক পর্যালোচনার ফলাফল

ফর্ম জমা দেয়ার পর অনলাইনে আবেদনটির প্রাথমিক পর্যালোচনা সম্পন্ন হবে। ফলাফল অনুযায়ী নিচের ধাপগুলো অনুসরণ করতে হবে:

‘সংশোধন’ বা ‘পরিপূরক নথি প্রয়োজন’ হলে, সংশ্লিষ্ট তথ্য দ্রুত সংশোধন বা সংযোজন করে পুনরায় জমা দিতে হবে।

‘ভিডিও সাক্ষাৎকারের সময়সূচী’ জানানো হলে, নির্ধারিত তারিখে দূতাবাসে উপস্থিত হয়ে সাক্ষাৎকারে অংশ নিতে হবে।

‘অনলাইন পর্যালোচনা সম্পন্ন’ ফলাফল পাওয়া মানে প্রাথমিক অনুমোদন হয়েছে।

### পাসপোর্ট জমা ও বায়োমেট্রিক

প্রাথমিক অনুমোদনের পর আবেদনকারী বা তার প্রতিনিধি চাইনিজ ভিসা অ্যাপ্লিকেশন সার্ভিস সেন্টারে গিয়ে পাসপোর্ট ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দেবেন। এ সময় আঙুলের ছাপ প্রদান করবেন (যদি প্রযোজ্য হয়) এবং ভিসা ফি পরিশোধ করবেন এজন্য কোনো অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন নেই।

### **বিশেষ ছাড়**

নোটিশে বলা হয়, ১৪ বছরের কম বয়সী বা ৭০ বছরের বেশি বয়সের আবেদনকারী, যারা গত পাঁচ বছরের মধ্যে একই পাসপোর্টের সঙ্গে আঙুলের ছাপ দিয়েছেন, যারা ১০টি আঙুলের জন্য আঙুলের ছাপ দিতে অক্ষম এবং যারা আগামী ৩১ ডিসেম্বরের আগে একক বা ডাবল এন্ট্রির জন্য স্বল্পমেয়াদী ভিসার জন্য আবেদন করেছেন (১৮০ দিনের কম সময়ের জন্য অবস্থান করার) তাদের ফিঞ্জারপ্রিন্টের প্রয়োজন নেই। তারা অন্য কাউকে তাদের পক্ষে তাদের কাগজপত্র জমা দেয়ার অনুমতি দিতে পারেন।

### **ভিসা সংগ্রহ**

আবেদনকারীরা পিকআপ ফর্মে উল্লিখিত প্রত্যাশিত তারিখে তাদের ভিসা সংগ্রহ করতে পারবেন। সাধারণত আবেদনকারীরা প্রত্যাশিত সংগ্রহের তারিখে তাদের ভিসা পেয়ে থাকেন।

### **প্রক্রিয়াকরণের সময়**

অনলাইন আবেদন সফলভাবে জমা দেয়ার পরে, প্রাথমিক পর্যালোচনার ফলাফল সাধারণত এক কার্যদিবসের মধ্যে সরবরাহ করা হবে বলে জানায় দূতাবাস। ভিসা সেন্টারে পাসপোর্ট জমা দেয়ার দিন থেকে শুরু করে, নিয়মিত প্রক্রিয়াকরণে সাধারণত ৪ কর্মদিবস লাগে, যখন জরুরি প্রক্রিয়াকরণ ভিসা সংগ্রহের জন্য ৩ কর্মদিবস সময় প্রয়োজন হয়।

চীন দূতাবাস অনুরোধ করেছে, যারা এজেপির মাধ্যমে আবেদন করতে চান, তারা যেন নির্ধারিত সময়সীমা মেনে চলেন। অন্যথায় ভ্রমণ পরিকল্পনায় বিলম্ব হতে পারে।

-B